দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা

## নৈতিকতা কমিটির ২০২২-২৩/২ নং সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মাহবুব হোসেন
সচিব
সভার তারিখ : ২২/১২/২০২২ খ্রিঃ
সময় : বিকাল ৩.০০ টা
স্থান : সচিব মহোদয়ের কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট – ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই গত ০৭/০৯/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২২-২৩/১ নং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। অত:পর ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২ নং কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | গত ০৮ আগষ্ট ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের ১৩তম সভায় সিদ্ধান্ত হয় যে,<br>শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগগুলো কি ধরনের কার্যক্রম নির্বাচন করতে পারে এ সংক্রান্ত একটি খসড়া প্রস্তাব দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক (প্রতিরোধ) জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ণ ইউনিটের পরবর্তী সভায় উপস্থাপন করবেন।<br><br>এছাড়া, ০৭ সেপ্টম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত গত নৈতিকতা কমিটির সভায় শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যূন পাঁচটি (৫) উপযুক্ত কার্যক্রম নির্ধারণের নিমিত্ত একটি সাধারণ সুপারিশমালা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয় এবং আলোচনান্তে প্রত্যেক অনুবিভাগ থেকে উপযুক্ত কার্যক্রমের সুপারিশ উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>এ প্রেক্ষিতে, অনুবিভাগসমূহ থেকে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধের সহায়ক মোট ২৫ টি কার্যক্রমের সুপারিশ সভায় উপস্থাপন করা হয় এবং অনুবিভাগসমূহের সুপারিশ পর্যালোচনা করে নিম্নবর্নিত ০৫ টি কার্যক্রম চূড়ান্ত করা হয়:<br>১. প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অভিযোগ প্রাপ্তির পর তা নির্ধারিত সময়ের মধ্যে সমাধানপূর্বক অভিযোগকারীকে জানানো এবং সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রদর্শন করা।<br>২. প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সময়ে সময়ে আয়োজিত গণশুনানিতে প্রাপ্ত অভিযোগ সমাধানপূর্বক অভিযোগকারীকে জানানো এবং সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রদর্শন করা।<br>৩. নিজ/অধীন দপ্তরের ক্রয়ের ক্ষেত্রে পিপিএ/পিপিআর যথাযথ | মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে কার্যক্রম নির্ধারণের সাধারণ সুপারিশ হিসেবে নিম্নোক্ত ০৫ টি কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় :<br>(১) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অভিযোগ প্রাপ্তির পর তা নির্ধারিত সময়ের মধ্যে সমাধানপূর্বক অভিযোগকারীকে জানানো এবং সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রদর্শন করা।<br>(২) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সময়ে সময়ে আয়োজিত গণশুনানিতে প্রাপ্ত অভিযোগ সমাধানপূর্বক অভিযোগকারীকে জানানো এবং সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রদর্শন করা।<br>(৩) নিজ/অধীন দপ্তরের ক্রয়ের ক্ষেত্রে পিপিএ/পিপিআর যথাযথ অনুসরণ নিশ্চিত করা।<br>(৪) প্রতিটি উন্নয়ন প্রকল্পের বরাদ্দ অনুযায়ী যথাযথভাবে ব্যয় হচ্ছে কি-না তা নিয়মিত মনিটরিং করা।<br>(৫) অডিট নিষ্পত্তি এবং সেবা সংক্রান্ত আর্থিক লেনদেনে তথ্য প্রযুক্তির ব্যবহার। | মহাপরিচালক (প্রতিরোধ) |

| | | | |
|---|---|---|---|
| | অনুসরণ নিশ্চিত করা।<br>৪. প্রতিটি উন্নয়ন প্রকল্পের বরাদ্দ অনুযায়ী যথাযথভাবে ব্যয় হচ্ছে কি-না তা নিয়মিত মনিটরিং করা।<br>৫. অডিট নিষ্পত্তি এবং সেবা সংক্রান্ত আর্থিক লেনদেনে তথ্য প্রযুক্তির ব্যবহার। | | |
| ২। | দুর্নীতি দমন কমিশনের বার্ষিক শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে প্রতিটি অনুবিভাগ থেকে একজন ফোকাল পার্সন কর্মকর্তা মনোনয়নপূর্বক মহাপরিচালক (প্রতিরোধ) কে অবহিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। এ প্রেক্ষিতে ০৫ টি অনুবিভাগ থেকে পদভিত্তিক ফোকাল পয়েন্ট/পারসন কর্মকর্তার নাম পাওয়া গিয়েছে। যে সকল অনুবিভাগের তথ্য এখন পর্যন্ত পাওয়া যায় নি সে সকল অনুবিভাগের তথ্য আগামী ০৫ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক(প্রতিরোধ)-এর নিকট প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | আগামী ০৫ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট মহাপরিচালকগণ স্ব স্ব অনুবিভাগের শুদ্ধাচার ফোকাল পার্সন কর্মকর্তা মনোনয়নপূর্বক মহাপরিচালক(প্রতিরোধ) কে অবহিত করবেন। | মহাপরিচালক (লিগ্যাল), মহাপরিচালক (অনু. ও তদন্ত-১), মহাপরিচালক (অনু. ও তদন্ত-২) |
| ৩। | ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি অবলোকন করা এবং নির্ধারিত সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক (প্রতিরোধ) |

পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুব হোসেন
সচিব
ফোন: ০২-৫৮৩১৬২০৭
Email: secretary@acc.org.bd

স্মারক নং: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২২.২০২২- ৭২৯৬(৩৬)

তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১। মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা ।
৩। পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। পরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। পরিচালক (সুশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
৮। উপপরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
৯। অফিস কপি।

১০/০১/২০২৩

গোলাম শাহরিয়ার চৌধুরী
পরিচালক (NIS এবং UNCAC Focal Point)